

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ৭, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

চিএ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/০১ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩২৭-আইন/২০২৪ — Ports Act, 1908 (Act No. XV of 1908),
অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 4 এর sub-section (1) এর clause (a),
sub-section (2) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে
“গোয়াইনঘাট নদী বন্দর” এর সীমানা নির্ধারণপূর্বক উহাতে উক্ত Act এর প্রযোগ কার্যকর করিল, যথা :—

তফসিল

“গোয়াইনঘাট নদী বন্দর” এর—

- (ক) উত্তর-পূর্ব সীমানা : সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার জাফলং
পর্যটনকেন্দ্র সংলগ্ন জিরো পয়েন্ট এর সন্নিকটে গোয়াইন
নদীর উপর আড়াআড়িভাবে $২৫^{\circ} ১০' ৪০.৭''$ N অক্ষাংশ
পর্যন্ত বিস্তৃত;
- (খ) উত্তর-পশ্চিম সীমানা : সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার বুক্তমপুর
ইউনিয়নের বিছানাকান্দি গ্রাম পর্যটনকেন্দ্রের সন্নিকটে
পিয়াইন গাং এর উপর আড়াআড়িভাবে $২৫^{\circ} ১০' ৩০''$ N
অক্ষাংশ পর্যন্ত বিস্তৃত;

(২৭১৫১)

মূল্য : টাকা ৮.০০

- (গ) পূর্ব সীমানা : সিলেট জেলার জেন্তাপুর উপজেলার চারিকাটা ইউনিয়নের জংলিবিল গ্রাম (মিঞ্চিঘাট) এলাকার লালাখাল জিরো পয়েন্ট সংলগ্ন সারি গোয়াইন নদীর উপর আড়াআড়িভাবে $২৫^{\circ} ০৬' ৫৫.২৬'' \text{N}$ অক্ষাংশ পর্যন্ত বিস্তৃত;
- (ঘ) পশ্চিম সীমানা : সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার কালাবুকা ইউনিয়নের আরতানপুর গ্রামের সন্নিকটে সুরমা নদীর উপর আড়াআড়িভাবে $৯১^{\circ} ৪২' ৩০'' \text{E}$ দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;
- (ঙ) ভূ-ভাগের সীমানা : উপরিউক্ত নদী বন্দর সীমানার আওতায় নদীর উভয় তীরে সাধারণ ভরাকটাল (ordinary spring tide) এর সময় বন্দর এলাকায় সর্বোচ্চ পানি সমতল (high water mark) হইতে ভূ-ভাগের দিকে ৫০ (পঞ্চাশ) মিটার পর্যন্ত বিস্তৃত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রফিকুল ইসলাম
সহকারী সচিব।